যায়যায়দিন

তারিখ 20 SEP 2012
পৃষ্ঠা ৩ কলাম ৪

# সাত হাজার শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত না করা হলে কঠোর কর্মসূচি

যাযাদি রিপোর্ট

স্বীকৃতিপ্রাপ্ত সাত হাজার শিক্ষা প্রতিষ্ঠান অবিলম্বে এমপিওভুক্তির দাবি জানিয়েছেন শিক্ষক-কর্মচারীরা।

দাবি আদায়ে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি প্রদানপূর্বক সমাবেশে বুধবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী পরিষদ এ দাবি জানায়।

অবিলম্বে দাবি বাস্তবায়ন না হলে কঠোর কর্মসূচি দেয়া হবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন তারা।

সমাবেশে শিক্ষক নেতারা বলেন, সারাদেশে সাত হাজার বেসরকারি নন-এমপিও নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, কৃষি ডিপ্লোমা, ব্যবসায় ব্যবস্থাপনা কলেজসহ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে ২২ লাখ শিক্ষার্থী, লক্ষাধিক শিক্ষক-কর্মচারী মিলে ২৩ লক্ষাধিক পরিবার জড়িত। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের প্রথম বছর ১৬শ প্রতিষ্ঠান এমপিওভুক্ত করলেও আর এমপিও করার কোনো উদ্যোগ নেয়া হয়নি।

তারা আরো জানান, এমপিওভুক্তকরণের দাবিতে দীর্ঘ দিন ধরে তারা মানববন্ধন, অনশন, ঈদের দিন কালোব্যাজ ধারণসহ বিভিন্ন কর্মসূচি পালন করলেও তাদের ব্যাপারে সরকার কর্ণপাত করেনি।

তারা দাবি করেন, এমপিওভুক্ত না করায় শিক্ষক-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের অনাহারে-অর্ধাহারে দিন কাটাতে হচ্ছে। প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত করা হলে এসব পরিবার উপকৃত হওয়ার পাশাপাশি সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়তে সহায়ক হবে।